

১. কামাল চৌধুরী কোন ধরনের কবি?
২. অসুরদের কথা কোথায় বর্ণিত হয়েছে?
৩. আর্যগণ কাদের ঘৃণার চোখে দেখতেন?
৪. ‘কার্ত্তুজ’ অর্থ কী?
৫. ‘নীলকমল’ এর শাব্দিক অর্থ কী?
৬. কারা দেশের সাথে দিনরাত জেগে কাটিয়েছে?
৭. চির কবিতার দেশ কোনটি?
৮. ‘সাহসী জননী বাংলা’ কবিতাটির বঙ্গ কে?
৯. সাহসী জননী বাংলা কোন নদীর তীরে জেগে থাকে?
১০. ‘সাহসী জননী বাংলা’ কবিতার পটভূমি কী?
১১. ‘সাহসী জননী বাংলা’ কবিতায় কবি কী হিসেবে পাকিস্তানিদের কলঙ্কিত হাত মুচড়ে দেওয়ার কথা বলেছেন?
১২. খর্বদেহ কাদের?
১৩. ‘তোদের অসুর নৃত্য’ - এখানে ‘তোদের’ বলতে কাদের বলা হয়েছে?
১৪. ‘সাহসী জননী বাংলা’ কবিতায় কোন কোন নদীর নাম উচ্চারিত হয়েছে?
১৫. কোনটি কবি কামাল চৌধুরীর কিশোর কবিতাগ্রন্থ?

রক্তচোখের আগুন মেখে বলসে-যাওয়া/আমার বছরগুলো
আজকে যখন হাতের মুঠোয়/কণ্ঠনালীর খুন পিয়াসী ছুরি,
কাজ কি তবে আগলে রেখে বুকের কাছে/কেউটে সাপের ঝাঁপি !
আমার হাতেই নিলাম আমার/নির্ভরতার চাবি;
তুমি আমার আকাশ থেকে/সরাও তোমার ছায়া,
তুমি বাংলা ছাড়া।

(বাংলা ছাড়া- সিকান্দার আবু জাফর)

- ক) কারা অসুর নৃত্য করে?
- খ) ‘ভেবেছিল অস্ত্রে মাত হবে’- এ ভাবনা কীভাবে মিথ্যা প্রমাণিত হয়েছিল?
- গ) উদ্দীপকে উদ্ধৃত চরণগুলোতে ‘সাহসী জননী বাংলা’ কবিতার কোন ভাব ফুটে উঠেছে? ব্যাখ্যা কর।
- ঘ) ‘আমার হাতেই নিলাম আমার/নির্ভরতার চাবি।’ -সংশ্লিষ্ট কবিতার আলোকে বিশ্লেষণ কর।